

## গবেষণায় যোগদানের জন্য সম্মতির সংক্ষিপ্ত ফর্ম

আপনাকে একটি গবেষণার অধ্যয়নে যোগদান করতে বলা হয়েছে। আপনি অধ্যয়নে প্রবেশ করতে রাজী হওয়ার পূর্বে এটি খুবই গুরুত্বপূর্ণ যে আপনি অধ্যয়নের ব্যাখ্যাটি এমন একটি ভাষায় হাতে পান যেটি আপনি বুঝতে পারেন। এই সম্মতির ফর্মে সই করতে গিয়ে যে সব ব্যাপারে আপনাকে রাজী হতে হবে তার একটি তালিকা নিম্নলিখিত রয়েছে।

একজন অনুবাদকারী যিনি, গবেষণাটি চালাচ্ছেন এমন অনেক গবেষকের একজন, অথবা তাদের যে কোন একজন প্রতিনিধি আপনাকে ব্যাখ্যা করেছেন এইগুলি সম্বন্ধে (১) গবেষণাটির উদ্দেশ্য, প্রক্রিয়াগুলি এবং গবেষণাটি কতদিন চলবে; (২) যে কোন প্রক্রিয়া যা পরীক্ষামূলক; (৩) যে কোন ঝুঁকি যা যুক্তিসঙ্গতভাবে আগে থেকে দেখা যায় (সম্ভাব্য ঝুঁকিগুলি যা এই সময় জানা রয়েছে), গবেষণার অসামান্যতা এবং লাভগুলি; (৪) যে কোন সম্ভাবনাসূচক লাভজনক বিকল্প প্রক্রিয়া অথবা ব্যবহার; এবং (৫) কি করে গোপনীয়তা রক্ষা করা হবে।

এই অধ্যয়নের জন্য নির্দেশ করার সময়, আপনাকে বলা হয়েছে এইগুলি সম্বন্ধে (১) কোন লভ্য ক্ষতিপূরণ অথবা ডাক্তারী চিকিৎসা যদি আপনি গবেষণা চলাকালীন আহত হন; (২) কোন আগে থেকে না জানা ঝুঁকির সম্ভাবনা (এই সময় যে ঝুঁকির সম্বন্ধে জানা নেই); (৩) সেই পরিস্থিতিগুলি যখন গবেষক আপনার অংশগ্রহণ বাতিল করে দিতে পারেন; (৪) আপনার কোন বারতি খরচা; (৫) আপনি অংশগ্রহণ করা বন্ধ করার সীদ্ধান্ত নিলে কি হয়; (৬) যখন আপনাকে, গবেষণার দ্বারা যা জানা গেছে, এমন নতুন কিছু সম্বন্ধে বলা হবে যা হয়তো আপনার অংশগ্রহণের ইচ্ছাকে প্রভাবিত করতে পারে; এবং (৭) কতজন মানুষ অধ্যয়নটিতে থাকবে।

আপনাকে বলা হয়েছে যে আপনাকে তাৎক্ষণিক প্রয়োজনীয় ডাক্তারী সেবা প্রদান করা হবে যদি আপনি এই গবেষণার অধ্যয়নে থাকার দরুণ আহত হন। যদিও, ওয়েন রাজ্য বিশ্ববিদ্যালয় এবং এর কোন সড়ের দ্বারা এমন কোন অঙ্গীকার করা হয়নি যে কোনরকম অধ্যয়ন সম্বন্ধীয় ক্ষতি হলে আপনাকে আর্থিক ক্ষতিপূরণ অথবা বিনামূল্যের ডাক্তারী সেবা যোগানো হবে।

আপনাকে বলা হয়েছে যে, যদি আপনার অধ্যয়নটি সম্বন্ধে কোন প্রশ্ন অথবা অসুবিধা থেকে থাকে, তাহলে আপনি যোগাযোগ করতে পারেন ..... প্রধান গবেষককে (পিআই) এইখানে ..... , এবং মানব গবেষণা সমিতির দপ্তরে ৩১৩-৫৭৭-১৬২৮ নম্বরে যোগাযোগ করতে পারেন যদি গবেষণায় অংশগ্রহণকারী হিসেবে আপনার অধিকারগুলির সম্বন্ধে, গবেষণার অধ্যয়নটি সম্বন্ধে, অথবা আপনি আহত হলে কি করবেন সেই সম্বন্ধে আপনার কোন প্রশ্ন থেকে থাকে।

আপনাকে বলা হয়েছে যে এই গবেষণায় আপনার অংশগ্রহণটি হলো ঐচ্ছিক এবং আপনি যোগদান করতে না চাইলে অথবা যোগদান করতে রাজী হওয়ার পরে এটি বন্ধ করার সীদ্ধান্ত নিলে, আপনাকে দোষী সাবস্ত করা হবে না অথবা আপনি কোনরকম সুবিধা থেকেই বঞ্চিত হবেন না।

আপনাকে বলা হয়েছে যে আপনি অংশগ্রহণ করতে রাজী হলে, আপনাকে এই নথির একটি সই করা প্রতিলিপি এবং ইংরেজীতে লেখা গবেষণার একটি লিখিত সংক্ষিপ্ত বিবরণ দেওয়া হবে।

এই নথিতে সই করা মানে হলো, উপরিউক্ত তথ্যটি সহ গবেষণার অধ্যয়নটি আপনাকে মৌখিকভাবে ব্যাখ্যা করা হয়েছে এবং আপনি ঐচ্ছিকভাবে অংশগ্রহণ করতে রাজী।

.....	.....
অংশগ্রহনকারীর সই/আইনত প্রাধিকৃত প্রতিনিধি/সম্পর্ক	তারিখ
.....	.....
সাক্ষীর সই	তারিখ
.....	.....
অনুবাদকারীর সই	তারিখ

০৮/০৬/০৩ বিবরণ#১

০৯/১৭/০৩ স্টীয়ারিং সমিতি দ্বারা অনুমোদিত

০৮/১৮/০৩ বিবরণ#২